## মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৭ মে ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮১ | ১৩৬ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১২১ | ৯৭৭ |
| **মোট** | ২,৫১৫ | ১,৪০২ | ১,১১৩ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | ৪২ | ১৬ | ৪৮ | ২৯ | ১৩৬ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৮০ | ২১০ | ২৮৪ | ২০৩ | ৯৭৭ |
| **মোট** | ১ | - | ৩২২ | ২২৬ | ৩৩২ | ২৩২ | ১,১১৩ |

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | মার্চ মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ৮ | | ৮ | - | - | - | পরিচালক ৪ জন ও উপপরিচালক ৪ জন মোট ৮ জন-কে পদোন্নতি প্রদান করা হয়েছে। |

ক. ৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | | - | |

খ. ২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ১৭৭ | ৫৩.৬৩ (৩০.৩০ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৯৯৮ | ১,২৬৮.৯৮ (৬৩.৫১ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ২০৩ | ৭৪.৩১ (৩৬.৬০ শতাংশ) | - |
| মোট | ২,৩৭৮ | ১,৩৯৬.৯২ (৫৮.৭৪ শতাংশ) | - |

**খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| | - | - | - |

**গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:**

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৩৩টি | ১৫.৯৮ | - | - | ৩৩টি | মন্ত্রিপরিষদ বিভাগে মোট ৩৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯টি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৫৮টি | ২২৫.৪১ | ২টি | ৩টি | ৫৫টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (এপ্রিল মাসের ১ তারিখে) | এপ্রিল মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | এপ্রিল মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | - | - | - | ১ | - |
| দুর্নীতি দমন কমিশন | ১৭ | - | ১ | - | - | ১৬ | ৪ |
| মোট | ১৮ | - | ১ | - | - | ১৭ | ৪ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | ‘ADB’s Loan Financing Option for Borrowers’ শীর্ষক প্রশিক্ষণ | ২৪ মার্চ ২০২৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত কার্যক্রম, আইন ও বিধানাবলি সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ | ৬-১০ এপ্রিল এবং ২০-২৪ এপ্রিল ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৬০ জন |
| | ২. | দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ | ১৫-১৭ এপ্রিল; ২১-২৩ এপ্রিল এবং ২৮-৩০ এপ্রিল ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৭৫ জন |
| | ৩. | ‘বিশেষ মৌলিক কোর্স’ শীর্ষক প্রশিক্ষণ | ৬ এপ্রিল -৪ জুন ২০২৫ | আরপিএটিসি | ২৮ জন |
| | ৪. | পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ বিষয়ক প্রশিক্ষণ | ১৭ এপ্রিল -৪ মে ২০২৫ | ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ | ৩০ জন |

**খ. ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:**

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৪-২৫ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান এবং ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০২৪-২৫ অর্থবছরের সঞ্জীবনী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।**

**ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।**

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** প্রযোজ্য নয়।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।**

### ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই

### খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক একটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির তিনটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ৮টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৮টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৩৬টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৬টি প্রস্তাব ডি-নথিতে উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ২৯ এপ্রিল ২০২৫ তারিখে 'আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) এপ্রিল ২০২৫ মাসে 'জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা ২০২২ পর্যালোচনাপূর্বক সংশোধনের নিমিত্ত কমিটি' এবং 'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটি' গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৬) War Book 2023 এবং এর সংলগ্নীদ্বয়ের প্রত্যয়ন প্রাপ্তির জন্য ১ জন অভিরক্ষককে পত্র প্রেরণ করা হয়েছে।

(৭) Rules of Business, 1996-এর Rule 25(1) অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের মার্চ ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত খসড়া মাসিক প্রতিবেদন সারসংক্ষেপসহ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(৮) সরকার বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন, সিএফএ-কে প্রতিমন্ত্রীর পদমর্যাদা প্রদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৭ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।

(৯) প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমানের পদবি 'জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ' হিসেবে পরিবর্তন করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৯ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।

(১০) অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা উপদেষ্টাগণের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব বণ্টন/পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৫ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।

(১১) জনাব মোহাম্মদ সুফিউর রহমানকে প্রতিমন্ত্রীর পদমর্যাদায় বিশেষ সহকারী পদে নিয়োগদানপূর্বক পররাষ্ট্র মন্ত্রণালয়ের নির্বাহী ক্ষমতা অর্পণ করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।

(১২) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সঙ্গতি বিধানের লক্ষ্যে অতিরিক্ত সচিব (আইন)-এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৩) এপ্রিল ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২১টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) এপ্রিল ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। (ক) নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১০টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী

প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে, (খ) ১টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।

(১৫) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় ও এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টা সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৬) জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ২ দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) Proposal for Zero Emission Ferry Service Connecting Major Cities with Dhaka বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ৪৬তম বিসিএস পরীক্ষা ২০২৩-এর লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে সহযোগিতা প্রদান বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্য হিসেবে টাঙ্গাইল শাড়ি'কে Tangail Saree of Bangal হিসেবে ভারতে নিবন্ধনের পরিপ্রেক্ষিতে উদ্ভূত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে সমন্বিত টাস্কফোর্স কমিটিতে জেলা প্রশাসক, টাঙ্গাইল-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) এপ্রিল ২০২৫ মাসের বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৯টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

(২১) জেলা প্রশাসক সম্মেলন ২০২৫-এর সিদ্ধান্ত এবং জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(২২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; পানি সম্পদ মন্ত্রণালয়; জননিরাপত্তা বিভাগ; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে জেলা প্রশাসকগণ ও বিভাগীয় কমিশনাগণের অনলাইন সভা অনুষ্ঠানের অনুমতি দেয়া হয়েছে।

(২৩) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর স্বল্পমেয়াদি অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ আগামী মে ২০২৫ মাসের মধ্যে বাস্তবায়নের জন্য স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) বিভিন্ন মামলায় ৮ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশীট) দাখিল এবং ১৪৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক পরিসমাপ্তি করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এপ্রিল ২০২৫ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(২৫) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ৩১ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৬) দুর্নীতি দমন কমিশনে একজন মহাপরিচালক ও একজন পরিচালককে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি ১৮৯৮-এর আওতায় ২০২২ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় তফসিলভুক্ত আইনে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক সারা দেশে পরিচালিত মোবাইল কোর্ট মনিটরিং করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের বিভাগীয় মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৯) গ্রাম আদালতে মামলা নিষ্পত্তি ফেব্রুয়ারি ও মার্চ মাসে যে সকল জেলায় তুলনামূলকভাবে কম হয়েছিল সে সকল জেলায় নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩০) 'The Fourth International Conference on Financing for Development (FIDA)'-এর সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সম্পৃক্ততা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা ১৬ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩১) ২৩ এপ্রিল ২০২৫ তারিখে 'Strengthening Nutrition SBCC in Social Protection' শীর্ষক প্রকল্পের SBCC কার্যক্রম এবং ২৮ এপ্রিল ২০২৫ তারিখে পুষ্টি সংবেদনশীল সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে সামাজিক ও আচরণগত পরিবর্তন যোগাযোগ (এসবিসিসি) কার্যক্রম শক্তিশালীকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(৩২) 'Technical Support for CRVS System in Improvement in Bangladesh (Phase-V)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Implementation Committee-এর তৃতীয় সভা ৩০ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৩৩) জিআরএস সফট্‌ওয়্যার মেইনটেন্যান্সের অংশ হিসেবে ভেন্ডর প্রতিষ্ঠান (ARC BD. Ltd)-এর মাধ্যমে এপ্রিল ২০২৫ মাসে ৬০টি অফিসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সিস্টেমের কারিগরি ত্রুটিসমূহ সংশোধন করা হয়েছে।

(৩৪) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে এবং ইতোমধ্যে সিলেট বিভাগের ৪টি জেলায় (সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ ও মৌলভীবাজার) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

(৩৫) স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের সদস্যদের নাম ও পদবি সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩৬) সংস্কার কমিশনে অবৈতনিক ও স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে দায়িত্ব পালনকারী কমিশন প্রধান ও সদস্যগণের নামে প্রজ্ঞাপন জারি সংক্রান্ত সারসংক্ষেপ ২৪ এপ্রিল ২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(৩৭) রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কারের লক্ষ্যে গঠিত ৬টি সংস্কার কমিশনের কার্যক্রম সমাপ্তির সারসংক্ষেপ ২৪ এপ্রিল ২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(৩৮) ১৬ এপ্রিল ২০২৫ তারিখে সংস্কার কমিশনের আশু বাস্তবায়নযোগ্য সুপারিশসমূহের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের সঙ্গে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৯) ২৮ এপ্রিল ২০২৫ তারিখে 'এসপায়ার টু ইনোভেট প্রোগ্রাম (এটুআই)' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র নবম সভায় প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধিসহ প্রকল্পের দ্বিতীয় সংশোধনের প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪০) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কাঠামো পুনর্গঠনের জন্য গঠিত উপকমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৪১) ২৭ এপ্রিল ২০২৫ তারিখে দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে 'তথ্য অধিকার আইন, ২০০৯' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

(৪২) ২০২৪-২৫ অর্থবছরে এপ্রিল ২০২৫ মাসের মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৪৩) 'Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social Protection Programs (SSRNSSPP)' এবং 'Strengthening Nutrition Sensitive Social and Behavior Change Communication (SBCC) in Social Protection of Bangladesh' শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই বাছাই কমিটির সভা ২৪ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৪৪) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি'র চাহিদা ও বরাদ্দ এএমএস সিস্টেমের মাধ্যমে এবং সমাপ্তযোগ্য প্রকল্পসমূহের তালিকা আর্থসামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে।

## গ. আগামী (মে-জুন ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা আয়োজন।

(২) উপদেষ্টা পরিষদ কমিটি/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ২০টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা আয়োজন।

(৫) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৬তম সভা আয়োজন।

(৬) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব